

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

নৈতিকতা কমিটির ২০১৮-১৯ সালের ২য় সভার কার্যবিবরণী।

তারিখ: ৩০/১০/২০১৮

সময়: সকাল ১১.০০ ঘটিকা

স্থান: শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট এর অফিস কক্ষ

শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ড. মোঃ নুরুল আমিন, পরিচালক (পল্লী প্রশাসন ও জেডার) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নে উল্লেখিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব
১.	ড. মোঃ নুরুল আমিন	পরিচালক (পল্লী প্রশাসন ও জেডার)	ফোকাল পয়েন্ট
২.	জনাব মোঃ খালিদ আওরঙ্গজেব	উপ-পরিচালক (প্রশাসন)	সদস্য
৩.	জনাব মারুফ আহমেদ	সহকারী পরিচালক	”
৪.	জনাব রফিকুল ইসলাম	প্রশাসনিক কর্মকর্তা	”

আলোচনা ও সিদ্ধান্তঃ

- শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার আইন ইত্যাদিসহ ওয়েবসাইট হাল নাগাদকরণঃ
এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয় যে, এখন থেকে একাডেমীর ওয়েবসাইটে শুদ্ধাচার, তথ্য অধিকার আইন, অভিযোগ নিষ্পত্তি ইত্যাদি বিষয় সংক্রান্ত সকল তথ্য নিয়মিত হাল নাগাদ করা হবে। এজন্য একাডেমীর আই টি বিষয়ক অনুষদ সদস্যদের সহযোগিতা নেয়ার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।
- শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক নীতিমালা প্রণয়নঃ
অত্র একাডেমীতে শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক নীতিমালার খসড়া তৈরীর জন্য জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তাকে দায়িত্ব দেয়া হয়।
- ই-গভর্নেন্স বাস্তবায়নঃ
এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ
 - একাডেমীর বিভিন্ন সুবিধাভোগীদের সাথে ভিডিও/অনলাইন কনফারেন্স (স্কাইপি/ভাইবার/ম্যাসেঞ্জার ব্যবহারসহ) এর যোগাযোগ বৃদ্ধি করা হবে।
 - যাবতীয় দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার করার জন্য সব শাখায় নির্দেশনা দেয়ার সিদ্ধান্ত হয়।

৪. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণঃ

বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ অতি দ্রুত প্রনয়নের জন্য একাডেমীর ইনোভিশন টিমকে অনুরোধ করা হবে।


৫. শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের আয়োজনঃ

সভায় সিদ্ধান্ত হয় যে, একাডেমীর কর্মকর্তা/কর্মচারীদের জন্য আগামী ডিসেম্বর, ২০১৮ মাসের মধ্যে শুদ্ধাচার বাস্তবায়ন প্রশিক্ষণ, তথ্য অধিকার আইন অবহিতকরণ প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হবে এবং উপস্থিতি বিধিমালা, শৃঙ্খলা ও আচরন বিধিমালা বিষয়ক অবহিতকরণ সভার আয়োজন করা হবে।

৬. কার্যক্রম পরিদর্শন

একাডেমীর বিভিন্ন শাখার কার্যক্রম পরিদর্শন পূর্বক প্রতিবেদন তৈরী করে মহাপরিচালক মহোদয়ের নিকট জমা দেয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোঃ নুরুল আমিন)

শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট